

# MOCK TEST 02 FOR WBCS MAIN 2020

## FULL MOCK TEST FOR WBCS MAIN 2020 BENGALI COMPULSORY PAPER

FULL MARKS 200  
HRS

TIME : 2.5

Q1. আপনি আপনার এক প্রবাসী শিল্পপতি বন্ধুকে পশ্চিমবঙ্গ তথা ভারতের বর্তমান অর্থ নৈতিক মন্দা ও তার ভবিষ্যৎ সম্বন্ধে অবহিত করে একটি চিঠি লিখুন।

(৩০০ words)

40 Marks

Q2. “ জাতীয় নাগরিক পঞ্জী রাখার প্রয়োজনীয়তা” সম্পর্কে অনধিক ৩০০ শব্দে একটি প্রবন্ধ লিখুন।

40 Marks

Q3. নিম্নলিখিত অণুচ্ছেদটির বাংলা অনুবাদ করুন।

40

Marks

After I figure out that 'Indigenous' is the ten letter word for resident, I spot her. I wonder if my eyes darted around as do hers. No matter, smiling to myself, delighting in her appearance. Just as I had imagined, noting she left nothing out of her description.

First she moved to the history section, then art, to travel, I guess she does know me a little. Finally while seeking the next ideal spot , she caught the scent of the French vanilla that seeps its' way around the store, to draw the coffee drinkers in, a very effective lure. In a moment she is standing not two tables from me, near the window. Back to me, attention directed at the

passersby in the street, to the door and back. Almost like she was watching a tennis match in slow motion, movements only interrupted by a glance at her watch or a sip of her drink.

Rising from my seat, cautiously approaching as not to startle her. Softly I speak her name. she stops her movement, save the placing of the cup down on the table beside her.

Q4. নিম্নলিখিত অণুচ্ছেদটির সারমর্ম (প্রেসি) লিখুন ( সরবরাহকৃত আলাদা আলাদা পাতা ব্যাবহার করুন)

40 Marks.

আষাঢ় মাস, বর্ষা নেমে গেছে। প্রতিদিন বর্ষা আসছে কেঁপে কেঁপে, এরই মধ্যে চলেছে রাণুর বিয়ের প্রস্তুতি।

কবির আবার ইওরোপ যাবার কথা। ভেবেছিলেন রাণুর বিবাহের দিন থাকতেই পারবেন না, কিন্তু সে যাত্রা পিছিয়ে গেল।

তিনি আশা করেছিলেন, জোড়াসাঁকোর বাড়িতে থেকেই বিয়ে হবে রাণুর, সে জন্য বাড়ি রং করালেন। কিন্তু পাত্র পক্ষ তাতে রাজি নন, এ বিয়েতে ঠাকুর বাড়ির কোনও ভূমিকা তাঁরা চান না।

রাজেন্দ্রনাথ মধ্য কলকাতায় একটি মস্ত বড় বাড়ি ভাড়া করে দিলেন কন্যাপক্ষের জন্য। সে বাড়িতে বাগান আছে, পুকুর পর্যন্ত আছে। অধিকারীদের সমস্ত আত্মীয়-স্বজনদের স্থান সঙ্কুলান হয়ে যাবে সেখানে।

বিয়ের দিন বৃষ্টি পড়ছে সকাল থেকে। দুপুরেই কবি পুত্রবধূ প্রতিমাকে পাঠিয়ে দিলেন, তার মতন এমন সুন্দর করে সাজাতে আর কেউ পারে না।

এক দঙ্গল মেয়ে ঘিরে বসে আছে, তার মধ্যে সাজানো হচ্ছে রাণুকে। যেন একটু একটু করে গড়া হচ্ছে দেবী প্রতিমা। ডাকের সাজের মতন সোনা-রুপোর গয়নার মুড়ে দেওয়া হল সারা শরীর। যল্লৈ বাঁধা কবরীতে যুথী ফুলের মালা।

সাজ যখন প্রায় শেষ, তখন বীরেনের এক বোন প্রেমলতা এসে বলল, এ সাজ চলবে না। সব খুলে ফেলতে হবে। সে নিজে সাজাবে।

সবাই বিস্মিত। এত সুন্দর সাজ। খুলে ফেলতে হবে কেন?

বীরেনের মা বলে পাঠিয়েছেন, প্রতিমা একবার বিধবা হয়েছিল। রথীর সঙ্গে তার দ্বিতীয়বার বিয়ে হয়েছে। শুভ কাজে এরকম কোনও রমণীর স্পর্শই অকল্যাণকর।

Q5. “ করোনা সংক্রমণ ও তার থেকে বাঁচার উপায়” - বিষয়ে একজন মা ও তার শিশুর (যার ১০ বছর বয়স) সাথে একটি কাল্পনিক কথোপকথন লিখুন।

40 Marks